

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৮৯৫

১/ বিবিধ

আরবী

المرء كثير بأخيه  
ضعيف

رواه القضاعي (1 / 8 / 2) عن المسيب بن واضح قال: أخبرنا سليمان بن عمرو النخعي عن إسحاق بن عبد الله بن أبي طلحة عن أنس بن مالك مرفوعا. قلت: وهذا سند موضوع، المسيب ضعيف، وشيخه النخعي كذبه غير واحد، وجزم ابن عدي بأنه وضع على إسحاق هذا حديثا آخر سيأتي بلفظ: الناس كأسنان المشط

والحديث عزاه السيوطي في " الجامع " لابن أبي الدنيا في " الإخوان " عن سهل بن سعد. وسكت المناوي عن إسناده، وقال: " ورواه الديلمي والقضاعي عن أنس. قال شارحه المعامري: وهو غريب ". ثم وقفت على إسناده حديث سهل عند أبي بكر الشيروي في " العوالي الصحاح " (2 / 211) أخرج من طريق أبي صالح كاتب الليث: حدثنا الحسن بن الخليل بن مرة: حدثني أبي عن أبي حازم عن سهل بن سعد مرفوعا به في حديث. قلت: وهذا إسناده ضعيف من أجل أبي صالح، فإنه ضعيف من قبل حفظه. ومثله بل شر منه الخليل بن مرة، فإنه ضعيف كما في " التقريب "، وأشار البخاري إلى تضعيفه جدا بقوله: " فيه نظر ". وابنه الحسن بن الخليل بن مرة لم أجد من ذكره، ولم يذكره الحافظ في الرواة عن أبيه الخليل، وإنما ذكر أخاه علي بن الخليل، ولم أجد له ترجمة أيضا

## বাংলা

১৮৯৫। ব্যক্তি তার ভাইয়ের সহযোগিতা ও সাহায্যের দ্বারা শক্তিশালী হয়।

হাদীসটি দুর্বল।

এটিকে কাযাঈ (২/৮/১) মুসাইয়্যাব ইবনু অযেহ হতে, তিনি সুলাইমান ইবনু আমর নাখ'ঈ হতে, তিনি ইসহাক ইবনু আব্দুল্লাহ ইবনু আবু ত্বলহা হতে, তিনি আনাস ইবনু মালেক (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি বানোয়াট। কারণ মুসাইয়্যাব দুর্বল আর তার শাইখ নাখ'ঈকে একাধিক ব্যক্তি মিথ্যা বর্ণনা করার দোষে দোষী করেছেন। আর ইবনু আদী দৃঢ়তার সাথে বলেছেন যে, ইসহাকের উপর তিনিই অন্য একটি হাদীস জাল করেছেন। যেটি সম্পর্কে আলোচনা আসবে নিম্নের ভাষায়ঃ

(الناس كأسنان المشط) মানুষ চিরুণীর দাতের মত।

হাদিসটিকে সুযুতী "আলজামে" গ্রন্থে ইবনু আবিদ দুনিয়ার "আলইখওয়ান" গ্রন্থের উদ্ধৃতিতে সাহল ইবনু সা'দ (রাঃ) হতে উল্লেখ করেছেন। আর মানবী তার সনদের ব্যাপারে চুপ থেকে বলেছেনঃ এটিকে দূলামী ও কাযাঈ আনাস (রাঃ) হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) আবু বকর শাইরাজীর "আলআওয়ালীস সিহহাহ" গ্রন্থে (২/২১১) সাহলের হাদীসটির সনদ সম্পর্কে অবগত হয়েছি। হাদীসটিকে তিনি লাইসের কাতেব আবু সালেহ সূত্রে হাসান ইবনু খালীল ইবনু মুররার হতে, তিনি তার পিতা হতে, তিনি হাযেম হতে, তিনি সাহল ইবনু সা'দ (রাঃ) হতে মারফু' হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি আবু সালেহের কারণে দুর্বল। কারণ তার হেফযের দিক থেকে তিনি দুর্বল। আর খালীল ইবনু মুররাহ তার মতই বরং তার চেয়েও মন্দ বর্ণনাকারী। তিনি দুর্বল যেমনটি "আত-তাকরীব" গ্রন্থে এসেছে। ইমাম বুখারী তার খুবই দুর্বল হওয়ার দিকে ইঙ্গিত করেছেন তার এ বাণীর দ্বারাঃ তার ব্যাপারে বিরূপ মন্তব্য রয়েছে।

আর তার ছেলে হাসান ইবনু খালীল ইবনু মুররাকে কে উল্লেখ করেছেন পাচ্ছি না। হাফিয ইবনু হাজার তাকে তার পিতা খালীল হতে বর্ণনাকারীদের অন্তর্ভুক্ত করেননি। তার ভাই আলী ইবনু খালীলকে উল্লেখ করেছেন। আমি তার জীবনীও পাচ্ছি না।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72778>

হাদিসবিডিৰ প্ৰজেক্টে অনুদান দিন